ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪৫৯

আগরতলা,২৯ অক্টোবর,২০২৫

## মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচি

## সাহায্য প্রত্যাশীদের বিভিন্ন সমস্যা সমাধ্যনে মুখ্যমন্ত্রীর উদ্যোগ

রাজ্যেই এখন উন্নত স্বাস্থ্য পরিষেবা গ্রহণের অনেক সুযোগ রয়েছে। তাই চিকিৎসার জন্য রোগীদের বর্হিরাজ্যে যাবার প্রবণতা থেকে বেরিয়ে আসতে হবে। বর্তমান সরকার নাগরিকদের উন্নত ও আধুনিক স্বাস্থ্য পরিষেবা দেবার জন্য বিভিন্ন পরিকল্পনা রূপায়ণ করছে। আজ ৫৫-তম মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে আসা সাহায্য প্রত্যাশীদের প্রতি মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা এই আহ্বান জানান।

মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে আসা সমস্যা পীড়িত মানুষের সাথে মুখ্যমন্ত্রী সরাসরি কথা বলেন। মূলত স্বাস্থ্য সমস্যা এবং চিকিৎসায় সহায়তার প্রত্যাশা নিয়েই রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে মানুষ আজ মুখ্যমন্ত্রীর সাথে সাক্ষাৎ করেন। মুখ্যমন্ত্রীও তাদের সমস্যার কথা শুনেন এবং তাদের সমস্যা সমাধানে প্রয়োজনীয় উদ্যোগ নেন। ধলেশ্বরের অনুপম ভৌমিক, উত্তর ত্রিপুরার জম্পুইহিলের বাসিন্দা কে ত্নাঙ্গমাই, সিমনার সীমা সরকার, উদয়পুরের যতন দাস, ঊনকোটি জেলার নরেন্দ্র চন্দ্র মালাকার, কমলনগরের স্নেহা সরকার সহ রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে সাহায্য প্রত্যাশী নাগরিকগণ মুখ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন। তারা তাদের সমস্যার কথা মুখ্যমন্ত্রীকে জানান। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা তাদের সমস্যা সম্পর্কে অবগত হন এবং উপস্থিত আধিকারিকদের সমস্যা সমাধানে উদ্যোগ নিতে বলেন।

মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে আজ মুখ্যমন্ত্রীর সচিব ড. পি কে চক্রবর্তী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব কিরণ গিত্যে, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের সচিব তাপস রায়, স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডা. তপন মজুমদার, জিবিপি হাসপাতাল, আইজিএম হাসপাতাল এবং অটল বিহারী রিজিওন্যাল ক্যান্সার হাসপাতালের মেডিক্যাল সুপারগণ ছাড়াও অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

*****